রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২৪, ২০২৪

## ৬ষ্ঠ খণ্ড

## প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।

### কারা অধিদপ্তর

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২১ ভাদ্র, ১৪৩১/০৫ সেপ্টেম্বর, ২০২৪

নং **৫৮.০৪.০০০০.০২২.০১.০০১.২০২৪-৪০৫**—নিম্নবর্ণিত জেলার/উপ-তত্ত্বাবধায়ক/জেলার (ভারপ্রাপ্ত) গণের নামের পার্শ্বে উল্লিখিত কর্মস্থল ও পদে বদলি/পদায়ন করা হলো :

| ক্র: | কর্মকর্তার নাম ও পদবি | নিজ জেলা | বর্তমান কর্মস্থল ও পদ | বদলি/পদায়নকৃত কর্মস্থল ও পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | জনাব আবু মুছা<br>উপ তত্ত্বাবধায়ক | কুমিল্লা | কুষ্টিয়া জেলা কারাগার (জেলার) | কক্সবাজার জেলা কারাগার | -- |
| ২ | জনাব মো: আব্দুল ফাত্তাহ<br>জেলার | যশোর | পঞ্চগড় জেলা কারাগার (জেলার) | কুষ্টিয়া জেলা কারাগার (জেলার) | -- |
| ৩ | জনাব আব্দুল্ল্যাহেল আল-আমিন<br>জেলার | দিনাজপুর | বাগেরহাট জেলা কারাগার (জেলার) | কুমিল্লা কেন্দ্রীয় কারাগার (জেলার) | -- |
| ৪ | জনাব মোহাম্মদ মাহাবুবুল ইসলাম<br>জেলার | নারায়ণগঞ্জ | কুমিল্লা কেন্দ্রীয় কারাগার (জেলার) | কুমিল্লা কেন্দ্রীয় কারাগার (উপ তত্ত্বাবধায়ক) | -- |
| ৫ | জনাব উম্মে সালমা<br>উপ-তত্ত্বাবধায়ক | রংপুর | নেত্রকোণা জেলা কারাগার (জেলার) | নওগাঁ জেলা কারাগার (জেলার) | -- |
| ৬ | জনাব হাসনা জাহান বিথী<br>জেলার | পাবনা | সাতক্ষীরা জেলা কারাগার (জেলার) | ঝিনাইদহ জেলা কারাগার (জেলার) | -- |
| ৭ | জনাব মোহাম্মদ শাহ আলম<br>জেলার | নারায়ণগঞ্জ | ফেনী জেলা কারাগার (জেলার) | জামালপুর জেলা কারাগার (জেলার) | -- |
| ৮ | জনাব এ. কে. এ. এম মাসুম<br>জেলার | ঠাকুরগাঁও | দিনাজপুর জেলা কারাগার (জেলার) | ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ (জেলার) | -- |
| ৯ | জনাব নাশির আহমেদ<br>জেলার | গোপালগঞ্জ | ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ (জেলার) | বান্দরবান জেলা কারাগার (জেলার) | -- |
| ১০ | জনাব মুহাম্মদ জাহেদুল আলম<br>জেলার (ভারপ্রাপ্ত) | চট্টগ্রাম | বান্দরবান জেলা কারাগার জেলার (ভারপ্রাপ্ত) | ফেনী জেলা কারাগার জেলার (ভারপ্রাপ্ত) | -- |
| ১১ | জনাব মো: আতিকুর রহমান<br>জেলার (ভারপ্রাপ্ত) | কুড়িগ্রাম | ঝালকাঠি জেলা কারাগার জেলার (ভারপ্রাপ্ত) | গাইবান্ধা জেলা কারাগার জেলার (ভারপ্রাপ্ত) | -- |
| ১২ | জনাব লাবলু<br>জেলার (ভারপ্রাপ্ত) | ঢাকা | গাইবান্ধা জেলা কারাগার জেলার (ভারপ্রাপ্ত) | পটুয়াখালী জেলা কারাগার জেলার (ভারপ্রাপ্ত) | -- |
| ১৩ | জনা খোন্দকার মো: আল মামুন<br>জেলার (ভারপ্রাপ্ত) | খুলনা | ঠাকুরগাঁও জেলা কারাগার জেলার (ভারপ্রাপ্ত) | বাগেরহাট জেলা কারাগার জেলার (ভারপ্রাপ্ত) | -- |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৩ আশ্বিন ১৪৩১/১৮ সেপ্টেম্বর ২০২৪

নং **৫৮.০৪.০০০০.০২২.০১.০০১.২০২৪-৪৩১**—নিম্নে বর্ণিত জেলারগণের নামের পাশে উল্লিখিত কর্মস্থল ও পদে বদলি/পদায়ন করা হলো:

| ক্র: | কর্মকর্তার নাম ও পদবি | নিজ জেলা | বর্তমান কর্মস্থল ও পদ | বদলি/পদায়নকৃত কর্মস্থল ও পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | মোঃ কামরুল ইসলাম জেলার | বগুড়া | দিনাজপুর জেলা কারাগারের অনুকূলে সংযুক্ত কারা উপ মহাপরিদর্শকের দপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ, উপ-তত্ত্বাবধায়ক | ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগার, জেলার | |
| ২ | মোহাম্মদ লুৎফর রহমান জেলার | রাজবাড়ী | কাশিমপুর হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগার, জেলার | কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১, উপ-তত্ত্বাবধায়ক | কারা অধিদপ্তরের স্মারক নং ৪২৪ তারিখ ১৭-০৯-২০২৪ মোতাবেক যশোর কেন্দ্রীয় কারাগারে বদলির আদেশ বাতিল করা হলো। |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১১ আশ্বিন ১৪৩১/২৬ সেপ্টেম্বর ২০২৪

নং **৫৮.০৪.০০০০.০২২.০১.০০১.২০২৪-৪৫৩**—নিম্নে বর্ণিত জেলারগণের নামের পাশে উল্লিখিত কর্মস্থল ও পদে বদলি/পদায়ন করা হলো:

| ক্র: | কর্মকর্তার নাম ও পদবি | নিজ জেলা | বর্তমান কর্মস্থল ও পদ | বদলি/পদায়নকৃত কর্মস্থল ও পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | মোঃ তারেক কামাল জেলার | নওগাঁ | ফরিদপুর জেলা কারাগার জেলার | রাজশাহী কেন্দ্রীয় কারাগার, প্রেষণে কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী উপ তত্ত্বাবধায়ক | |
| ২ | মোঃ আবুল হোসেন জেলার (ভারপ্রাপ্ত) | বরিশাল | গোপালগঞ্জ জেলা কারাগার জেলার (ভারপ্রাপ্ত) | ফরিদপুর জেলা কারাগার জেলার (ভারপ্রাপ্ত) | |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**সৈয়দ মোঃ মোতাহের হোসেন**
বিগ্রেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক।

---

**খাদ্য অধিদপ্তর**
**প্রশাসন বিভাগ, তদন্ত ও মামলা শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৩ অক্টোবর ২০২৪

নং **১৩.০১.০০০০.০৩৩.২৭.০০৪.২৩-৮০২**—যেহেতু, জনাব ডি, এম, সাখাওয়াত হোসেন, এলাকা রেশনিং কর্মকর্তা, রেশনিং এলাকা ডি-১, ঢাকা রেশনিং, ঢাকা হিসাবে কর্মকালীন এলাকা রেশিনিং ডি-১, প্রধান নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা রেশনিং, ঢাকায় নিয়োজিত ০৬ (ছয়) জন ওএমএস ডিলার জনাব আব্দুল খালেক, ১২১ নং মোহাম্মদবাগ, কদমতলি; জনাব জাহানারা বেগম, ১১৫৯ নং কদমতলি; জনাব জাফরুল ইসলাম, ১০০৮ নং পূর্ব মোহাম্মদবাগ, কদমতলি; জনাব জাকির হোসেন-২, ৯৮৭ মোহাম্মদবাগ, মেজারনগর, কদমতলি; জনাব জসিম উদ্দিন-২, ১২৯০ পূর্ব কদমতলি এবং জনাব শাহিনা শারমীন, ৩৭৬৩ মেরাজনগর, ব্লক-ডি, রায়েরবাগ, কদমতলি, ঢাকা কর্তৃক যথাক্রমে চালান জালিয়াতির মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তর হতে বার বার ডিও ইস্যু করে গুদাম হতে মালামাল উত্তোলন করেছেন, যা গুরুতর আর্থিক অনিয়ম; এবং

২। যেহেতু, তার অসতর্কতার কারণে গত জানুয়ারি, ২০২২ হতে নভেম্বর, ২০২২ পর্যন্ত দীর্ঘ ১১ (এগারো) মাস যাবত ০৬ (ছয়) জন ওএমএস ডিলার পর্যায়ক্রমে চালের ১৬৯টি এবং আটার ৭২টি চালান জালিয়াতি করেছেন, যা তার কর্তব্য কাজে অবহেলা হিসাবে বিবেচিত; এবং

৩। যেহেতু, তার উর্ধ্বতন কর্তৃপক্ষের চালানের সঠিকতা যাচাইয়ের নির্দেশনা থাকা সত্ত্বেও তিনি তার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন করেননি, যা তার কর্তব্য পালনে অবহেলা তথা অসদাচরণের শামিল; এবং

৪। যেহেতু, উপর্যুক্ত কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা আনয়ন করা হয়। তিনি উক্ত বিভাগীয় মামলার জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। তৎপ্রেক্ষিতে গত ০৯-০৫-২০২৩খ্রি. তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানি অন্তে ঘটনা প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা থাকায় ন্যায়বিচারের স্বার্থে বিষয়টি তদন্ত করার জন্য জনাব মোঃ জহিরুল ইসলাম, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল, প্রাক্তন জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকাকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। জনাব মোঃ জহিরুল ইসলাম, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল, প্রাক্তন জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

৫। যেহেতু, উক্ত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অভিযুক্ত জনাব ডি, এম, সাখাওয়াৎ হোসেন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মির্জাগঞ্জ, পটুয়াখালী প্রাক্তন এলাকা রেশনিং কর্মকর্তা, রেশনিং এলাকা ডি-১, ঢাকা রেশনিং, ঢাকা এর বিরুদ্ধে আনীত ০১ নং অভিযোগ এ বর্ণিত ডিও ইস্যুকারী কর্মকর্তা হিসাবে দায়িত্বে থাকাকালীন উর্ধ্বতন কর্তৃপক্ষের মৌখিক নির্দেশনা মোতাবেক বাজেট অনুবিভাগ-১ শাখা-৩, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৮-০৮-২০১৯ খ্রি. এর ০৭.১০৩.০০০০.০০.১৮.০০৩.১৯.৩১৭ নং স্মারকের 'অনলাইন চালান ভেরিফিকেশন' সাইট [Online Chalan Verification http:// 103.48.16.132/echalan/] এর মাধ্যমে যাচাই করে চালান ইস্যু করেছেন। উল্লেখ্য, খাদ্য অধিদপ্তরাধীন প্রতিটি স্থাপনাসহ সকল সরকারি স্থাপনায় এখনও একই পদ্ধতি অবলম্বন করে চালান ভেরিফাই করা হয়। আসল চালান এবং নকল চালানে লিপিবদ্ধ করা তথ্য একই হওয়ায় 'অনলাইন চালান ভেরিফিকেশন' সাইট [Online Chalan Verification http:// 103.48.16.132/echalan/] এর মাধ্যমে যাচাই করে উভয় ক্ষেত্রেই অনলাইন যাচাইয়ে চালান দুটিই সঠিক মর্মে তথ্য পেয়েছেন। আসল ও নকল চালান দুটি আলাদা সময়ে উপস্থাপিত হওয়ায় পাশাপাশি নিয়ে যাচাই করা সম্ভব হয়নি। একই নম্বরযুক্ত একটি সঠিক চালান ও একটি জাল চালান পাশাপাশি মিলিয়ে দেখা যায় যে, দুটির চালান নম্বরসহ অন্যান্য তথ্যাবলি একই হলেও সিলের অবস্থান, লেখার ধরনে পার্থক্য রয়েছে। এতে বুঝা যায় তারা (ডিলারগণ) সঠিক চালানের কপিটি বার বার ব্যবহার করেনি। চালান জালিয়াতি চক্র প্রথম বার মূল চালান দাখিল করে ডিওর মাধ্যমে পণ্য উত্তোলন করেছেন। পরবর্তীতে কয়েকদিন পর ঐ একই চালানের নম্বর, তারিখ, নাম ও পণ্যের পরিমাণ, জমাকৃত অর্থের পরিমাণ হুবহু অপরিবর্তিত রেখে ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর নকল করে নতুনভাবে একটি জাল/ভুয়া চালান তৈরি করে দাখিল করে পুনরায় ডিওর মাধ্যমে পণ্য উত্তোলন করছেন। এক্ষেত্রে একই চালানের বিপরীতে দুইবার ডিও ইস্যু করা হয়নি। বরং প্রথমবার মূল চালান আর দ্বিতীয়বার জাল/ভুয়া চালানের বিপরীতে ডিও ইস্যু করা হয়েছে। অর্থাৎ, অভিযুক্তের বিরুদ্ধে আনীত ০১ নং অভিযোগ প্রমাণিত হয়নি।

৬। যেহেতু, উক্ত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় আরও দেখা যায়, অভিযুক্ত জনাব ডি, এম, সাখাওয়াৎ হোসেন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মির্জাগঞ্জ, পটুয়াখালী প্রাক্তন এলাকা রেশনিং কর্মকর্তা, রেশনিং এলাকা ডি-১, ঢাকা রেশনিং, ঢাকা এর বিরুদ্ধে আনীত ০২ ও ০৩ নং অভিযোগ এ বর্ণিত জালিয়াত চক্র যেহেতু মূল চালানটি উপস্থাপনের কয়েকদিন পর নকল চালানটি উপস্থাপন করছেন তাই দুটি চালানকে পাশাপাশি রেখে মিলিয়ে দেখার সুযোগ ছিল না। চালানের মেয়াদের বিষয়ে কোনো সুস্পষ্ট সময়সীমা না থাকায় কয়েকদিন আগের তারিখে ইস্যু করা চালানের উপর ভিত্তি করেই তারা ডিও ইস্যু করতেন। আর চালান জালিয়াতি চক্র সে সুযোগটি কাজে লাগিয়েছেন। তবে চালান জালিয়াতির ঘটনা ধরা পরার পর অভিযুক্তের আন্তরিকতা ও তৎপরতা দেখা যায় :

(ক) ১৩-০১-২০২২ : প্রথম চালান জালিয়াতির ঘটনা ঘটে। দায়িত্বে ছিলেন মোঃ মনিরুল ইসলাম ১৭-০১-২২ পর্যন্ত;

(খ) ১০-১১-২০২২ : চালান জালিয়াতির বিষয়টি ধরা পড়ার পর ০৬ (ছয়) জন ডিলারকে ব্যাখ্যা তলব করা হয়। ডিলারগণ দায় স্বীকার করে টাকা জমা দেয়ার ইচ্ছা পোষণ করে;

(গ) ২০-১১-২০২২ : ডিলারগণ প্রতিটি ডিও এর বিপরীতে জালিয়াতকৃত চালানের টাকা পুনরায় জমা করেন। বিষয়টি অভিযুক্ত কর্তৃক উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়;

(ঘ) ২০-১০-২০২২ : ডিলারদের ডিলারশিপ ও লাইসেন্স বাতিল করা হয়। বাতিল আদেশের বিরুদ্ধে ডিলারগণ মহামান্য হাইকোর্টে রিট মামলা দায়ের করলে আদালত শুনানি অন্তে সকল মামলা খারিজ করেন; এবং

(ঙ) ০১-০১-২০২৩ : ডিলারগণ চালান জালিয়াতি করার পর টাকা জমা করার পর অভিযুক্ত সিএমএম কোর্ট ০৫ এর ডিলারগণের বিরুদ্ধে প্রতারণার মাধ্যমে অর্থ আত্মসাতের চেষ্টার দায়ে ৪০৬, ৪২০, ৫০৬ ধারায় মামলা নং ০১/২০২৩ দায়ের করেন।

এছাড়া অভ্যন্তরীণ বিশেষ নিরীক্ষায় আপত্তি উত্থাপিত হওয়ার পূর্বেই অভিযুক্ত উক্ত জালিয়াতির ঘটনাটি উদঘাটন করেন ও সরকারি ক্ষতির টাকা আদায় করতে সক্ষম হন। অর্থাৎ ঘটনার পরবর্তী সময়ে সরকারি টাকা আদায় ও সরকারি স্বার্থ রক্ষায় অভিযুক্তের তৎপরতা ও আন্তরিকতা দেখা যায়। মূলত অনলাইনে চালানের সঠিকতা যাচাই করা গেলেও চালানটি পূর্বে ব্যবহৃত কি না তা অনলাইনে যাচাইয়ের সুযোগ না থাকায় ডি-১ রেশনিং দপ্তর কর্তৃক বিষয়টি তাৎক্ষণিক নিরূপণ করা সম্ভব হয়নি মর্মে তদন্ত প্রতিবেদনে দেখা যায়। সার্বিক পর্যালোচনায়, অভিযুক্তের বিরুদ্ধে আনীত ০২ ও ৩নং অভিযোগ এ উল্লিখিত কর্তব্য কাজে অবহেলা এবং তার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন করার বিষয়টি প্রমাণিত হয়নি। এতে অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে তদন্ত কর্মকর্তা কর্তৃক মতামত প্রদান করা হয়েছে; এবং

৭। যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্তের বিভাগীয় মামলার জবাব, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

৮। সেহেতু, অভিযুক্ত জনাব ডি. এম, সাখাওয়াৎ হোসেন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মির্জাগঞ্জ, পটুয়াখালী প্রাক্তন এলাকা রেশনিং কর্মকর্তা, রেশনিং এলাকা ডি-১, ঢাকা রেশনিং, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী আনীত বিভাগীয় মামলায় ন্যায়বিচারের স্বার্থে নিম্নোক্তভাবে আদেশ প্রদান করে নিষ্পত্তি করা হলো :

(ক) তাকে বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো;

(খ) তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো; এবং

(গ) তার সাময়িক বরখাস্তকালকে পূর্ণবেতনে কর্মকাল হিসাবে গণ্য করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৯ সেপ্টেম্বর, ২৪ খ্রি.

নং **১৩.০১.০০০০.০৩৩.২৭.১৪৮.২২.৭৮৬**—যেহেতু, জনাব মোঃ হাফিজুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সাময়িক বরখাস্ত), কালিয়া, নড়াইল প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাগুরা সদর এবং আহরণ ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্বপ্রাপ্ত, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মাগুরা হিসাবে কর্মকালীন জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মাগুরায় সংঘটিত অনিয়মের পরিপ্রেক্ষিতে গঠিত অভ্যন্তরীণ বিশেষ নিরীক্ষা কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আপত্তি নং-১ অনুযায়ী, আমন/২১-২২ মৌসুমে মেসার্স ভাই ভাই রাইস মিল, প্রোপাইটরঃ তৈয়েবুর রহমান, কুশাবাড়িয়া, মাগুরা এর অনুকূলে ৩৮.০০০ মে. টন ধান ছাঁটাইয়ের বরাদ্দ প্রদান করা হলে সংশ্লিষ্ট মিলার জামানত হিসাবে **১১,৩৫,০০০** টাকার দুটি পে-অর্ডার (পে-অর্ডার নং-৪১১০৭৫৫, তারিখ: ২২-০৩-২০২২, টাকার পরিমাণ: ৬,০০,০০০ টাকা, প্রাইম ব্যাংক, মাগুরা শাখা ও পে-অর্ডার নম্বর-২৭৪০২০০, টাকার পরিমাণ : ৫,৩৫,০০০ টাকা, এনআরবিসি ব্যাংক, মাগুরা শাখা) প্রদান করলেও ফলিত চাল সংশ্লিষ্ট গুদামে সরবরাহের পূর্বেই জমাদানকৃত একটি পে-অর্ডার (পে-অর্ডার নম্বর-২৭৪০২০০, টাকার পরিমাণ : ৫,৩৫,০০০ টাকা, এনআরবিসি ব্যাংক, মাগুরা শাখা) অবমুক্ত করায় চালকল মালিক তা নগদায়ন করেন। পে-অর্ডার চালকল মালিক কর্তৃক নগদায়ন করা হয় ০৬-০৬-২০২২ খ্রি. এবং ফলিত চাল সংশ্লিষ্ট গুদামে সরবরাহ করা হয় ২৬-০৬-২০২২ খ্রি. যা গুরুতর আর্থিক অনিয়ম; এবং

২। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং-৩ অনুযায়ী, তিনি জামানত গ্রহণ না করেই নিম্নোক্ত **১৫**টি চালকলের অনুকূলে ৬৮০.০০০ মে. টন ধান ছাঁটাইয়ের বরাদ্দ প্রদান করেছেন। যা সংগ্রহ নীতিমালা পরিপন্থি ও গুরুতর অনিয়ম :

| ক্র. নং | চালকলের নাম | সংগ্রহ মৌসুম | চুক্তি নং | বরাদ্দ |
|---|---|---|---|---|
| ১ | মেসার্স রুহুল রাইচ মিল, প্রোপাইটরঃ মোঃ রুহুল আমিন | আমন ধান/২০১৯-২০২০ | ১০৫ | ১২৮.০০০ |
| ২ | মেসার্স মাস্টার রাইচ মিল, প্রোপাইটরঃ মোঃ লুৎফর রহমান, মাগুরা | আমন ধান/২০১৯-২০২০ | ১১৬ | ২০.০০০ |
| ৩ | মেসার্স সুফিয়া রাইচ মিল, প্রোপাইটরঃ মোঃ মাসুদ রানা, মাগুরা | বোরো ধান/২০২০ | ১০৯ | ৬০.০০০ |
| ৪ | মেসার্স মোল্লা রাইচ মিল, প্রোপাইটরঃ মোঃ জহুরুল ইসলাম, মাগুরা | বোরো ধান/২০২০ | ১১৮ | ৩০.০০০ |
| ৫ | মেসার্স ওসমান রাইচ মিল, প্রোপাইটরঃ ওসমান বিশ্বাস, মাগুরা | আমন ধান/২০২০-২০২১ | ১০৯ | ৩০.০০০ |
| | | | ১০৯(ক) | ১০.০০০ |
| ৬ | মেসার্স আবীর রাইচ মিল, প্রোপাইটরঃ মোঃ গোলাম মোস্তফা, মাগুরা | আমন ধান/২০২০-২০২১ | ১১৭ | ৩৫.০০০ |
| ৭ | মেসার্স শহিদ রাইচ মিল, প্রোপাইটরঃ শহিদুল ইসলাম, কাটাখালি, মাগুরা | আমন ধান/২০২০-২০২১ | ১০৪ | ৩০.০০০ |
| ৮ | মেসার্স অর্পনা রাইচ মিল, প্রোপাইটরঃ গৌতম সাহা, মাগুরা | বোরো ধান/২০২১ | ১২১ | ৩০.০০০ |
| ৯ | মেসার্স বদরুল রাইচ মিল, প্রোপাইটরঃ মোঃ নাসিরুল ইসলাম, মাগুরা | বোরো ধান/২০২১ | ১২৭ | ৪০.০০০ |
| ১০ | মেসার্স ভাই ভাই রাইচ মিল, প্রোপাইটরঃ হাসেম বিশ্বাস, মাগুরা | বোরো ধান/২০২১ | ১২০ | ৪৫.০০০ |
| ১১ | মেসার্স ভাই ভাই রাইচ মিল, প্রোপাইটরঃ তৈয়েবুর রহমান, মাগুরা | বোরো ধান/২০২১ | ১৪১ | ৫০.০০০ |
| ১২ | মেসার্স ইমরান রাইচ মিল, প্রোপাইটরঃ ইমরান হোসেন, মাগুরা | বোরো ধান/২০২১ | ১৪৬ | ৪৪.২৪০ |
| ১৩ | মেসার্স সাথী রাইচ মিল, প্রোপাইটরঃ মোঃ শাহাবুদ্দিন, মাগুরা | বোরো ধান/২০২১ | ১১৮ | ৩০.০০০ |
| ১৪ | মেসার্স শহিদ রাইচ মিল, প্রোপাইটরঃ শহিদুল ইসলাম, মাগুরা | আমন ধান/২০২১-২০২২ | ১০১ | ২০.০০০ |
| | | | ১০১(ক) | ১৫.০০০ |
| ১৫ | মেসার্স দত্ত রাইচ মিল, প্রোপাইটরঃ নির্মল কুমার দত্ত, মাগুরা | আমন ধান/২০২১-২০২২ | ১০৯ | ৪২.০০০ |
| | | | ১০৯(ক) | ২১.০০০ |

তদন্ত প্রতিবেদন মোতাবেক অভিযুক্ত **১**, ২, ৮, ৯, ১০, ১৩ ও **১৪**নং ক্রমিকে বর্ণিত মিলারদের নিকট হতে কাল্পনিক পে-অর্ডার (ব্যাংক হতে ইস্যুকৃত নয়) জামানত হিসেবে দেখিয়ে ছাঁটাইয়ের জন্য ধান বরাদ্দ দেন; এবং

৩। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং-৪ অনুযায়ী, তার কর্মকালে মেসার্স ওসমান রাইস মিল, প্রোপাইটর: মোঃ সাব্বির আহমেদ নাজমুল, বড় বেরইল, মাগুরা ও মেসার্স রবীন্দ্র অনিমা রাইস মিল, প্রোপাইটর: রথিন্দ্রনাথ দত্ত, গাংনালিয়া, মাগুরা এর অনুকূলে যথাক্রমে ৫৫.০০০ মে. টন করে মোট ১১০.০০০ মে. টন আমন/২১-২২ ধানের বরাদ্দ প্রদান করা হলেও উভয় মিলের সাথে চুক্তি সম্পাদনের সময়ে একই পে-অর্ডার নং ২১৮৭৪৩২ তারিখ: ০৬-০২-২২ অগ্রণী ব্যাংক, মাগুরা শাখা, জামানত হিসেবে দেখানো হয়েছে; এবং

৪। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং-৫ অনুযায়ী, প্রাপ্যের চেয়ে মিলিং কমিশন বিল বেশি পরিশোধ করায় সরকারি আর্থিক ক্ষতি ১,২৫,০০০ (এক লাখ পঁচিশ হাজার) টাকা; যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

৫। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং-৬, ১০, ১১, ১২, ১৩, ১৫ অনুযায়ী, ছাঁটাইয়ের ও ফলিত চাল পরিবহন বিল বেশি পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে যথাক্রমে ৩৬,০০০ টাকা, ৬১০ টাকা, ২,৫১৭ টাকা, ১৭,৭৬১ টাকা, ৭,৯৫৬ টাকা, ২,৮৬৪ টাকা, মোট (৩৬,০০০ + ৬১০ + ২,৫১৭ + ১৭,৭৬১ + ৭,৯৫৬ + ২,৮৬৪) টাকা = ৬৭,৭০৮ (সাতষট্টি হাজার সাতশত আট) টাকা, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

৬। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং-৭, ৮ ও ১৪ অনুযায়ী, প্রকৃত ভাড়ার চেয়ে অধিক হারে ধান ছাঁটাই ও ফলিত চালের পরিবহন বিল পরিশোধে যথাক্রমে ৪৬,১০৮ টাকা, ২৮,৬৯৩ টাকা, ১০,১৫,৭৫৮ টাকা; মোট (৪৬,১০৮+২৮,৯৬৩+১০,১৫,৭৫৮) টাকা = ১০,৯০,৮২৯ (দশ লাখ নব্বই হাজার আটশত ঊনত্রিশ) টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

৭। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং- ৯ অনুযায়ী, ধান ছাঁটাই ও ফলিত চাল পরিবহনের একই বিল দুই বার পরিশোধ করায় সরকারের ক্ষতি ৯,৫০৪ (নয় হাজার পাঁচশত চার) টাকা, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

৮। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং- ১৬, ৩৩ ও ৫২ অনুযায়ী, বিল পরিশোধকালে বিল হতে আয়কর কম কর্তন করায় সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে যথাক্রমে ৬,১৬৫ টাকা, ৫,৫৫১ টাকা ও ২,৩১০ টাকা, মোট (৬,১৬৫ + ৫,৫৫১ + ২,৩১০) = ১৪,০২৬ (চৌদ্দ হাজার ছাব্বিশ) টাকা, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

৯। যেহেতু, হিসাব নিরীক্ষার আপত্তি নং-১৭ অনুযায়ী, ক্ষমতা বহির্ভূত ১,৭৪০ মে. টন চালের সীমাতিরিক্ত গুদাম ঘাটতির মূল্য অবলোপন করায় সরকারের ক্ষতি ৭৫,২৯০ (পঁচাত্তর হাজার দুইশত নব্বই) টাকা, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

১০। যেহেতু, হিসাব নিরীক্ষার আপত্তি নং - ১৮ ও ২৫ অনুযায়ী, প্রাপ্যের চেয়ে পুষ্টি চাল পরিবহন বিল বেশি পরিশোধ করায় সরকারি ক্ষতি হয়েছে যথাক্রমে ২,০১,৯৩৫ টাকা ও ১,৮২৯ টাকা মোট (২,০১,৯৩৫ + ১,৮২৯) টাকা = ২,০৩,৭৬৪ (দুই লক্ষ তিন হাজার সাতশত চৌষট্টি) টাকা, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

১১। যেহেতু, হিসাব নিরীক্ষার আপত্তি নং-১৯, ২৪, ২৬, ৩০, ৩৮ ও ৪২ অনুযায়ী, প্রাপ্যের চেয়ে অতিরিক্ত শ্রম ও হ্যান্ডলিং বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে যথাক্রমে ৭০,৭৮৫ টাকা, ৪৩০ টাকা, ৩,১৯৪ টাকা, ১,৬৮৯ টাকা, ১৭৩ টাকা, ১৭০ টাকা, অর্থাৎ (৭০,৭৮৫ +৪৩০+৩,১৯৪+১,৬৮৯+১৭৩+১৭০) টাকা = ৭৬,৪৪১ (ছিয়াত্তর হাজার চারশত একচল্লিশ) টাকা, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

১২। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং- ২০, ২৭ ও ৫৪ অনুযায়ী, ধান মিলিং, ফলিত চাল ও পুষ্টি চাল পরিবহন এবং অভ্যন্তরীণ সড়ক পরিবহন এবং শ্রম ও হস্তার্পণ ঠিকাদারের পরিবহন বিল পরিশোধ কালে বিল হতে আয়কর কম কর্তন করায় সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে যথাক্রমে ১,৪০,৪৯৬ টাকা, ৬,৬৪৪ টাকা, ১২,১৪২ টাকা, মোট (১,৪০,৪৯৬ + ৬,৬৪৪ + ১২,১৪২) টাকা = ১,৫৯,২৮২ (এক লাখ ঊনষাট হাজার দুইশত বিরাশি) টাকা, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

১৩। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং-২১ অনুযায়ী, পুষ্টি মিলিং কমিশন বিল পরিশোধকালে আয়কর কম কর্তনে সরকারের আর্থিক ক্ষতি হয়েছে ৪৪,১৯১ (চুয়াল্লিশ হাজার একশত একানব্বই) টাকা, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

১৪। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং-২৯ ও ৩২ অনুযায়ী, পুষ্টি চাল মিশ্রণের জন্য মিলে প্রেরিত চালের শ্রম ও হ্যান্ডলিং বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে যথাক্রমে ১০,১৫০ টাকা ও ৩২,১৮৪ টাকা, মোট (১০,১৫০ + ৩২,১৮৪) টাকা = ৪২,৩৩৪ (বিয়াল্লিশ হাজার তিনশত চৌত্রিশ) টাকা, যা তার নিকট আদায়যোগ্য; এবং

১৫। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং-২৮ অনুযায়ী, মেসার্স অর্ক এনটাপ্রাইজ, প্রোপাইটর: কে এম কামরুজ্জামান, শ্রম ও হস্তার্পণ ঠিকাদার, মাগুরা সদর এলএসডিকে অক্টোবর/২০১৯ হতে ফেব্রুয়ারি/২০২০ মাসে গম প্রাপ্তি কাজের অতিরিক্ত ১৬.৮৪৪ মে. টন গমের শ্রম ও হ্যান্ডলিং বিল পরিশোধ করায় ১,৩৪৭ (এক হাজার তিনশত সাতচল্লিশ) টাকা সরকারের আর্থিক ক্ষতি হয়েছে, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

১৬। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং- ৩১ অনুযায়ী, মেসার্স অর্ক এন্টারপ্রাইজ, প্রোপাইটর: কে এম কামরুজ্জামান, শ্রম ও হস্তর্পণ ঠিকাদার, মাগুরা সদর এলএসডিকে মার্চ, ২০২০ মাসে ধান প্রেরণ কাজের জন্য অতিরিক্ত ৭০.০০ মে. টন ধানের শ্রম ও হ্যান্ডলিং বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে ৫,৩৯০ (পাঁচ হাজার তিনশত নব্বই) টাকা, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

১৭। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং- ৩৪, ৩৭, ৩৯, ৪০ ও ৪৩ বিলি আদেশের অনুকূলে শ্রম ও হ্যান্ডলিং বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে যথাক্রমে ৩১,০৩১ টাকা, ৯০,৭৭৩ টাকা, ১,০৩,২২৯ টাকা, ১,০৯,৬৮২ টাকা, ১,১৯,১৭৪ টাকা মোট (৩১,০৩১ + ৯০,৭৭৩ + ১,০৩,২২৯ + ১,০৯,৬৮২ + ১,১৯,১৭৪) টাকা = ৪,৫৩,৮৮৯ (চার লাখ তিপ্পান্ন হাজার আটশত ঊননব্বই) টাকা, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

১৮। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং-৩৫ অনুযায়ী, ভিজিডি খাতে বস্তা ভেঙ্গে রি-ব্যাগিং না করা সত্ত্বেও শ্রীপুর এলএসডির ঠিকাদারকে রিব্যাগিং বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে ১৫,২১৩ (পনেরো হাজার দুইশত তেরো) টাকা, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

১৯। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং-৩৬ ও ৪৭ অনুযায়ী, লাইসেন্স নবায়ন না করে বরাদ্দ প্রদান করায় লাইসেন্স বাবদ সরকারের ক্ষতি ৬,৩২৫ টাকা ও ৭,৪৭৫ টাকা, মোট (৬,৩২৫ + ৭,৪৭৫) টাকা = ১৩,৮০০ ( তেরো হাজার আটশত) টাকা, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

২০। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং- ৪১ অনুযায়ী, ভিজিডি খাতে মিলার কর্তৃক পুষ্টি চাল ডিও ধারীর নিকট সরবরাহ করা সত্ত্বেও শ্রম ও হ্যান্ডলিং বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে ৪৮,৫৬১ (আটচল্লিশ হাজার পাঁচশত একষট্টি) টাকা, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

২১। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং-৪৬, ৪৮ ও ৪৯ অনুযায়ী, ভ্যাট কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে যথাক্রমে ৭২০ টাকা, ২,৩১৪ টাকা ও ২,৯৭০ টাকা, মোট (৭২০ + ২,৩১৪ + ২,৯৭০) টাকা = ৬,০০৪ (ছয় হাজার চার) টাকা, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

২২। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং-৪৫ অনুযায়ী অর্থ বরাদ্দ থাকা সত্ত্বেও তিনি সময়মত বিল পরিশোধ না করায় সারচার্জ বাবদ ৪,৩৩৫ টাকা পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে ৪,৩৩৫ (চার হাজার তিনশত পঁয়ত্রিশ) টাকা, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

২৩। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং- ৫০ অনুযায়ী, পানি সেবা না পাওয়া সত্ত্বেও নিয়মিত পানির বিল পরিশোধ করায় সরকারের ক্ষতি হয়েছে ৬,৯২০ (ছয় হাজার নয়শত বিশ) টাকা, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

২৪। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং- ৫১ অনুযায়ী, ১০% রিবেট বাদে বিল দাখিল করায় সরকারের ক্ষতি হয়েছে ১৮,৩৭৪ (আঠারো হাজার তিনশত চুয়াত্তর) টাকা, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

২৫। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং- ৫৩ অনুযায়ী, মাগুরা জেলাধীন ৪টি এলএসডির শ্রম ও হস্তার্পণ ঠিকাদারদের মেয়াদ বৃদ্ধি করা হলেও চুক্তি সম্পন্ন না করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে ২,৪০০ (দুই হাজার চারশত) টাকা, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

২৬। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি অনুযায়ী সরকারের মোট (১,২৫,০০০ + ৬৭,৭০৮ + ১০,৯০,৮২৯ + ৯,৫০৪ + ১৪,০২৬ + ৭৫,২৯০ + ২,০৩,৭৬৪ + ৭৬,৪৪১ + ১,৫৯,২৮২ +৪৪,১৯১+ ৪২,৩৩৪ + ১,৩৪৭ + ৫,৩৯০ + ৪,৫৩,৮৮৯ +১৫,২১৩ + ১৩,৮০০ + ৪৮,৫৬১ + ৬,০০৪ + ৪,৩৩৫ + ৬,৯২০ + ১৮,৩৭৪ + ২,৪০০) টাকা = ২৪,৮৪,৬০২ (চব্বিশ লাখ চুরাশি হাজার ছয়শত দুই) টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

২৭। যেহেতু, উল্লিখিত অভিযোগের ভিত্তিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগে খাদ্য অধিদপ্তরের ১৪-১২-২০২২ খ্রি. এর ১৩.০১.০০০০.০৩৩.২৭.১৪৮.২২.৯৮৪ স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়। তিনি বিভাগীয় মামলার জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানি প্রদানের ইচ্ছা পোষণ করায় ১৪-০৩-২০২৩ খ্রি. ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানি অন্তে তার বিরুদ্ধে বর্ণিত বিভাগীয় মামলায় গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি থাকায় ন্যায়বিচারের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী আনীত বিভাগীয় মামলাটি তদন্তের জন্য জনাব মো. তাজুল ইসলাম, জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী অফিস সহায়ক (পিআরএল ভোগরত) মো. আলমগীর হোসেন ও মেসার্স ওসমান রাইস মিলের মিলার (চুক্তিপত্র মোতাবেক) জনাব মো. সাব্বির আহমেদ নাজমুলসহ কতিপয় মিলারদের যোগসাজশে একটি সিন্ডিকেট গড়ে ওঠে এবং জনাব মো. হাফিজুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সাময়িক বরখাস্ত) এ সিন্ডিকেটের একজন সুবিধাভোগী। এ সিন্ডিকেটের মাধ্যমে মিলার কর্তৃক চাল পরিশোধ না করে জামানত ফেরত নিয়ে নগদায়ন করা, ফলিত চাল প্রাপ্তির প্রত্যয়ন যাচাই ছাড়া জামানত ফেরত দেওয়া, জামানত গ্রহণ না করেই ধান ছাঁটাইয়ের বরাদ্দ প্রদান করা, কাল্পনিক/ভূয়া জামানতের মাধ্যমে চুক্তিপত্র সম্পাদন করায় বিভিন্ন ধরনের দুর্নীতি সংঘটিত হয়েছে। অর্থাৎ ১, ২ ও ৩ নং অভিযোগ (ভূয়া জামানতের বিপরীতে ধান ছাঁটাইয়ের বরাদ্দ প্রদান) সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। ৪ হতে ২৫ নং পর্যন্ত অভিযোগের ভিত্তি অর্থাৎ অডিট আপত্তি মোতাবেক সর্বমোট সরকারি ক্ষতি ২৪,৮৪,৬০২ (চব্বিশ লাখ চুরাশি হাজার ছয়শত দুই) টাকা। জনাব মোঃ হাফিজুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সাময়িক বরখাস্ত), কালিয়া, নড়াইল প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাগুরা সদর এবং আহরণ ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্বপ্রাপ্ত, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মাগুরা এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ এর (খ) ও (ঘ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়; এবং

২৮। যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনের প্রদত্ত মতামতের আলোকে তার বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলার অভিযোগনামায় উল্লিখিত জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মাগুরায় সংঘটিত অনিয়মের পরিপ্রেক্ষিতে গঠিত অভ্যন্তরীণ বিশেষ হিসাব নিরীক্ষা কমিটির দাখিলকৃত প্রতিবেদনে উত্থাপিত আপত্তি অনুযায়ী সরকারি আর্থিক ক্ষতি বাবদ ২৪,৮৪,৬০২ (চব্বিশ লাখ চুরাশি হাজার ছয়শত দুই) টাকা তার নিকট হতে আদায় এবং তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) বিধিমতে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে দোষী সাব্যস্ত করে চাকরি হতে বরখাস্তকরণ বা অন্য কোন উপযুক্ত গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণপূর্বক খাদ্য অধিদপ্তরের ০৯-১০-২০২৩ খ্রি. এর ১৩.০১.০০০.০৩৩.২৭.১৪৮.২২.৮৭৪ নং স্মারকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়; এবং

২৯। যেহেতু, জনাব মোঃ হাফিজুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সাময়িক বরখাস্ত), কালিয়া, নড়াইল প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাগুরা সদর এবং আহরণ ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্বপ্রাপ্ত, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মাগুরা এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলার অভিযোগ বিবরণী, অভিযুক্তের বিভাগীয় মামলার জবাব, বিভাগীয় মামলার স্পষ্ট তদন্ত প্রতিবেদন, অভিযুক্তের দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে দেখা যায়, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর ঢাকা এর ০১-০৮-২০২২ খ্রি. এর ইউ ও নোট নং-৩২ এর মাধ্যমে দাখিলকৃত জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মাগুরায় সংঘটিত অনিয়ম বিষয়ক বিশেষ নিরীক্ষা প্রতিবেদনের আপত্তি নং ১ হতে ৪ এ ভূয়া জামানতের বিপরীতে ধান ছাঁটাইয়ের বরাদ্দ প্রদানের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

আপত্তি নং ৫ হতে ৫৪ মোতাবেক সর্বমোট ২৪,৮৪,৬০২ (চব্বিশ লাখ চুরাশি হাজার ছয়শত দুই) টাকা সরকারি ক্ষতি সাধিত হয়েছে মর্মে প্রমাণিত হয়েছে। অর্থাৎ বিশেষ নিরীক্ষা কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আপত্তি নং ১-4 এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) মোতাবেক অভিযুক্তের বিরুদ্ধে 'অসদাচরণ' এর অভিযোগ এবং আপত্তি নং ৫-৫৪ এ একই বিধিমালার বিধি ৩ এর (ঘ) মোতাবেক 'দুর্নীতি' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়; এবং

৩০। যেহেতু, জনাব মোঃ হাফিজুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সাময়িক বরখাস্ত), কালিয়া, নড়াইল প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাগুরা সদর এবং আহরণ ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্বপ্রাপ্ত, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মাগুরা এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলায় ন্যায়বিচারের স্বার্থে অভ্যন্তরীণ বিশেষ হিসাব নিরীক্ষা কমিটির দাখিলকৃত প্রতিবেদনে উত্থাপিত আপত্তি অনুযায়ী সরকারি আর্থিক ক্ষতি বাবদ ২৪,৮৪,৬০২ (চব্বিশ লাখ চুরাশি হাজার ছয়শত দুই) টাকা তার নিকট হতে আদায় এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ক) অনুযায়ী 'নিম্নপদে অবনমিতকরণ' সূচক গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

৩১। যেহেতু, অভিযুক্ত জনাব মোঃ হাফিজুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ৮ম গ্রেডভুক্ত গেজেটেড কর্মকর্তা এর পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭ এর (১০) বিধি মোতাবেক তাকে গুরুদণ্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্বে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শের জন্য অত্র দপ্তরের ০৬-০১-২০২৪ খ্রি. এর ১৩.০১.০০০০.০৩৩.২৭.১৪৮.০০.৮৩ নং স্মারকে মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ১৪-০৮-২০২৪ খ্রি. এর ১৩.০০.০০০০.০২২.০৪.০০১.২৪.৮৫৮ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ক) অনুযায়ী তাকে 'নিম্নপদে অবনমিতকরণ' সূচক গুরুদণ্ড আরোপ করা যায় মর্মে একমত পোষণ করেছেন;

৩২। সেহেতু, অভিযুক্ত জনাব মোঃ হাফিজুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সাময়িক বরখাস্ত), কালিয়া, নড়াইল প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাগুরা সদর এবং আহরণ ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্বপ্রাপ্ত, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মাগুরা এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে ন্যায়বিচারের স্বার্থে অভিযুক্তকে নিম্নোক্ত দণ্ড আরোপের আদেশ জারি করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

(ক) জনাব মোঃ হাফিজুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সাময়িক বরখাস্ত), কালিয়া, নড়াইল প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাগুরা সদর এবং আহরণ ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্বপ্রাপ্ত, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মাগুরাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩(ক) অনুযায়ী প্রজ্ঞাপন জারির তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য 'নিম্নপদে অবনমিতকরণ' সূচক গুরুদণ্ড প্রদান করা হলো। এই দণ্ডের প্রেক্ষিতে তিনি তার বর্তমান পদ 'উপজেলা খাদ্য নিয়ন্ত্রক' এর অব্যবহিত নিম্নপদে অর্থাৎ 'খাদ্য পরিদর্শক' পদে অবনমিত হবেন। তিনি বর্তমানে ৮ম গ্রেডভুক্ত কর্মকর্তা এবং তিনি ৩৯৩৯০ টাকা মূল বেতন আহরণ করেন। পদাবনতি হওয়ার পর তিনি ১০ম গ্রেডের সর্বোচ্চ ধাপ অর্থাৎ, ৩৮,৬৪০ টাকা মূল বেতন আহরণ করবেন। পদাবনতি বলবৎ থাকার উক্ত সময় বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনাযোগ্য হবে না। দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে 'উপজেলা খাদ্য নিয়ন্ত্রক' পদে প্রত্যাবর্তন করবেন এবং দণ্ড পূর্ববর্তী ৮ম গ্রেডের ৩৯,৩৯০ টাকা মূল বেতন আহরণ করবেন; এবং

(খ) তাকে বিশেষ হিসাব নিরীক্ষা আপত্তি অনুযায়ী সরকারি আর্থিক ক্ষতির ২৪,৮৪,৬০২ (চব্বিশ লাখ চুরাশি হাজার ছয়শত দুই) টাকা আগামী ০৩ (তিন) মাসের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলো। নির্ধারিত সময়ে উক্ত টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা না হলে সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আব্দুল খালেক**
মহাপরিচালক।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা**
**মাঠ প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/২৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.০০০০.০০৬.৫৭.০০১.২৪.৩১৪**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এতদ্বারা নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর | বর্তমান কর্মস্থল | পদায়ন/বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব দেদারুল ইসলাম (১৮২১৪) | জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-২ শাখার গত ১৯-০৯-২০২৪ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯.০০৯.২৪.৪২৯ নং প্রজ্ঞাপনে এ কার্যালয়ে ন্যস্তকৃত | উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, ঝিনাইদহ |

বর্ণিত কর্মকর্তা ২৩-০৯-২০২৪ খ্রি. তারিখ এ কার্যালয়ে যোগদান করেছেন। তাকে এ কার্যালয় থেকে কোন বেতন/ভাতাদি প্রদান করা হয়নি। উক্ত কর্মকর্তা ২৩-০৯-২০২৪ খ্রি. তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত হবেন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এস. এম. মুস্তাফিজুর রহমান**
সিনিয়র সহকারী কমিশনার।

**অফিস আদেশাবলি**

তারিখ : ৩১ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ/১৫ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.০০০০.০০৬.১৮.০০১.২৪.৪৩৮**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে এতদ্বারা নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর | বর্তমান কর্মস্থল | পদায়ন/বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব সানজিদা রিক্তা (১৮৪১২) | (জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১০-০৯-২০২৪ খ্রি. তারিখের ০৫.০০.০০০০. ১৩৭.০২.০০১. ২৪-২৫৭ নং প্রজ্ঞাপনে এ কার্যালয়ে ন্যস্ত) | সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা |

২। বর্ণিত কর্মকর্তা ১৫-০৯-২০২৪ খ্রি. তারিখ এ কার্যালয়ে যোগদান করেছেন। তাকে এ কার্যালয় থেকে কোন বেতন/ভাতাদি প্রদান করা হয়নি। তিনি অদ্য ১৫-০৯-২০২৪ খ্রি. তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০২ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ/১৭ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.০০০০.০০৬.১৮.০০১.২৪.৪৪৩**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে এতদ্বারা নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর | বর্তমান কর্মস্থল | পদায়ন/বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব ফারজানা ইসলাম (১৮৫১৪) | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১০-০৯-২০২৪ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৩৭.০২.০০১.২৪-২৫৭ নং প্রজ্ঞাপনে এ কার্যালয়ে ন্যস্ত) | সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর |

২। বর্ণিত কর্মকর্তা ১৭-০৯-২০২৪ খ্রি. তারিখ এ কার্যালয়ে যোগদান করেছেন। তাকে এ কার্যালয় থেকে কোন বেতন/ভাতাদি প্রদান করা হয়নি। তিনি অদ্য ১৭-০৯-২০২৪ খ্রি. তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.৪৪.০০০০.০০৬.১৮.০০১.২৪.৪৪৪**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে এতদ্বারা নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর, নিজ জেলা ও স্পাউসের জেলা | বর্তমান কর্মস্থল | পদায়ন/বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: ছামিউল ইসলাম (১৮২৬৬) | সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা | সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর |
| ০২ | জনাব তাপস পাল (১৮২৮৯) | সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর | সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এস.এম. মুস্তাফিজুর রহমান**
সিনিয়র সহকারী কমিশনার।

---

**এসএ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ/২৬ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.০০০০.০০২.১২.০০১.২২-৪৫৫**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত উপজেলা ভূমি অফিসে সহকারী কমিশনার (ভূমি) পদে নির্দেশক্রমে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো :

| ক্রঃ | কর্মকর্তার নাম ও পরিচিতি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ তারিকুল ইসলাম (১৮৮৯৩), সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা-চুয়াডাঙ্গা<br>স্পাউসের জেলা-ফরিদপুর | উপজেলা ভূমি অফিস মোংলা, বাগেরহাট | উপজেলা ভূমি অফিস ঝিকরগাছা, যশোর |

২। বর্ণিত কর্মকর্তা নিজ অধিক্ষেত্রে দায়িত্ব পালনের নিমিত্ত সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এস.এম. মুস্তাফিজুর রহমান**
সিনিয়র সহকারী কমিশনার।

**[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ/০১ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.০০০০.০০২.১২.০০১.২২-৪৬০**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলা ভূমি অফিসে সহকারী কমিশনার (ভূমি) পদে নির্দেশক্রমে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো :

| ক্র: | কর্মকর্তার নাম ও পরিচিতি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব শরীফ শাওন (১৮৫৭৩)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা-যশোর | উপজেলা ভূমি অফিস<br>মহেশপুর, ঝিনাইদহ | উপজেলা ভূমি অফিস<br>বটিয়াঘাটা, খুলনা |
| ০২ | জনাব গুঞ্জন বিশ্বাস (১৮৭৯৫)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা-নড়াইল | উপজেলা ভূমি অফিস<br>চৌগাছা, যশোর | উপজেলা ভূমি অফিস শ্রীপুর, মাগুরা |
| ০৩ | জনাব মোঃ আসাদুর রহমান (১৮৮০২)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা-ঝালকাঠি | উপজেলা ভূমি অফিস<br>বটিয়াঘাটা, খুলনা | উপজেলা ভূমি অফিস<br>মোংলা, বাগেরহাট |
| ০৪ | জনাব মোঃ তারিকুল ইসলাম (১৮৮৯৩)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা-চুয়াডাঙ্গা | উপজেলা ভূমি অফিস<br>ঝিকরগাছা, যশোর হিসেবে বদলির আদেশাধীন | উপজেলা ভূমি অফিস<br>অভয়নগর, যশোর |
| ০৫ | জনাব মোঃ শামীম হোসাইন (১৮৯১৩)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা-গাজীপুর | উপজেলা ভূমি অফিস<br>অভয়নগর, যশোর | খুলনা সদর ভূমি অফিস<br>খুলনা |
| ০৬ | জনাব নাভিদ সারওয়ার (১৮৯৮৫)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা-গাইবান্ধা | খুলনা সদর ভূমি অফিস<br>খুলনা | উপজেলা ভূমি অফিস<br>ঝিকরগাছা, যশোর |
| ০৭ | মোছা: তাসমিন জাহান (১৯০৮৬)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা-মেহেরপুর | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনায় যোগদানকৃত (ভূমি মন্ত্রণালয়ের ২৬-০৯-২০২৪ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫৬.১৯.০৬৯.২৪-১৪২ নং প্রজ্ঞাপনমূলে) | উপজেলা ভূমি অফিস<br>চৌগাছা, যশোর |
| ০৮ | জনাব আব্দুল্লাহ আল ফারুক (১৯১২৫)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা-ঢাকা | ঐ | উপজেলা ভূমি অফিস<br>মহেশপুর, ঝিনাইদহ |
| ০৯ | জনাব বিজয় কুমার জোয়ার্দার (১৯১৪৯)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা-মাগুরা | ঐ | উপজেলা ভূমি অফিস কচুয়া, বাগেরহাট |
| ১০ | জনাব রিয়াজ উদ্দিন আহমেদ (১৯১৬০)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা-গোপালগঞ্জ | ঐ | উপজেলা ভূমি অফিস যশোর সদর, যশোর |
| ১১ | জনাব আঁখি শেখ (১৯১৬১)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা-গোপালগঞ্জ | ঐ | উপজেলা ভূমি অফিস<br>তেরখাদা, খুলনা |

২। প্রজ্ঞাপনের ০৭-১১ নং ক্রমিকে বর্ণিত কর্মকর্তাগণকে বদলিকৃত কর্মস্থলে যোগদান করার নিমিত্ত অদ্য ০১-১০-২০২৪ খ্রি. তারিখ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত হবেন।

৩। বর্ণিত কর্মকর্তাগণ নিজ নিজ অধিক্ষেত্রে দায়িত্ব পালনের নিমিত্ত সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এস.এম. মুস্তাফিজুর রহমান**
সিনিয়র সহকারী কমিশনার।

**মাঠ প্রশাসন শাখা**

**অফিস আদেশ**

তারিখ : ২৭ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ/১১ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.০০০০.০০৬.৪০.০২৩.২৪.৪৬৩**—এ কার্যালয়ের গত ০৪-০৮-২০২৪ খ্রি. তারিখের ০৫.৪৪.০০০০.০০৬.১৮.০০১.২৪.৪৫৩ নং অফিস আদেশে জনাব আনোয়ার হোসেন (১৮৪১৩), সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (সংযুক্তি বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা) কে সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর হিসাবে বদলি/পদায়ন করাহয়। বদলি/পদায়নকৃত কর্মস্থলে যোগদানের জন্য উক্ত কর্মকর্তাকে অদ্য ১১-০৮-২০২৪ খ্রি. তারিখ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত করা হলো।

**মো: হেলাল মাহমুদ শরীফ**
বিভাগীয় কমিশনার।

---

**এসএ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ/০৩ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.০০০০.০০২.১২.০০১.২২-৪৭১**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে তাদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলা ভূমি অফিসে সহকারী কমিশনার (ভূমি) পদে নির্দেশক্রমে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো :

| ক্রঃ | কর্মকর্তার নাম ও পরিচিতি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ তারিকুল ইসলাম (১৮৮৯৩)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা-চুয়াডাঙ্গা | উপজেলা ভূমি অফিস<br>অভয়নগর, যশোর এ বদলির আদেশাধীন | উপজেলা ভূমি অফিস<br>মহেশপুর, ঝিনাইদহ |
| ০২ | জনাব আব্দুল্লাহ আল ফারুক (১৯১২৫)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা-ঢাকা | উপজেলা ভূমি অফিস<br>মহেশপুর, ঝিনাইদহ এ বদলির আদেশাধীন | উপজেলা ভূমি অফিস<br>অভয়নগর, যশোর |

২। বর্ণিত কর্মকর্তাদ্বয় নিজ নিজ অধিক্ষেত্রে দায়িত্ব পালনের নিমিত্ত সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আরিফুল ইসলাম**
সিনিয়র সহকারী কমিশনার।

---

**মাঠ প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ/১৯ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.০০০০.০০৬.১৮.০০২.২৪-৫৫৫**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর | বর্তমান কর্মস্থল | পদায়ন/বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব শেখ মোঃ রাসেল (১৮১৬৬) | (জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-২ শাখার গত ০৪-০৯-২০২৪খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৩৯. ১৯.০০৮.২০.৩৯০ নং প্রজ্ঞাপন এ কার্যালয়ে ন্যস্ত) | উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা |

২। বর্ণিত কর্মকর্তা ১২-০৯-২০২৪ খ্রি. তারিখে এ কার্যালয়ে যোগদান করেছেন। তাকে এ কার্যালয় থেকে কোনো বেতন/ভাতাদি প্রদান করা হয়নি। তিনি অদ্য ১৯-০৯-২০২৪ খ্রি. তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মো: হেলাল মাহমুদ শরীফ**
বিভাগীয় কমিশনার।

**অফিস আদেশ**

তারিখ : ০৭ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ/২২ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.০০০০.০০৬.১৮.০৪৯.২৪.৫৬৪**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১৮-০৯-২০২৪ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯.০০৩.২৩-৭৭৬ নং প্রজ্ঞাপনে জনাব শরীফ আসিফ রহমান (১৭৮০৭), সিনিয়র সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনাকে সচিব, খুলনা সিটি কর্পোরেশন হিসেবে পদায়ন করায় উক্ত পদে যোগদানের নিমিত্ত তাকে অদ্য ২২-০৯-২০২৪ খ্রি. তারিখ অপরাহ্নে বর্তমান কর্মস্থল হতে অবমুক্ত করা হলো ।

**মো: হেলাল মাহমুদ শরীফ**
বিভাগীয় কমিশনার।

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ/২২ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.০০০০.০০৬.১৮.০০২.২৪.৫৬৬**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এতদ্বারা নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর | বর্তমান কর্মস্থল | পদায়ন/বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব হোসনে আরা তান্নি (১৭৯৮৭) | উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, ঝিনাইদহ | উপজেলা নির্বাহী অফিসার, বাটিয়াঘাটা, খুলনা |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এস.এম. মুস্তাফিজুর রহমান**
সিনিয়র সহকারী কমিশনার।

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩১বঙ্গাব্দ/০৩ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ০৫.৪৪.০০০০.০০৬.১৮.০০২.২৪.৫৯০**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এতদ্বারা নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর | বর্তমান কর্মস্থল | পদায়ন/বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব আকাশ কুমার কুন্ডু (১৭৯৮০) | উপজেলা নির্বাহী অফিসার মেহেরপুর সদর, মেহেরপুর | উপজেলা নির্বাহী অফিসার ফকিরহাট, বাগেরহাট |
| ০২ | জনাব মোঃ কামাল হোসেন (১৮২১৫) | উপজেলা নির্বাহী অফিসার ফকিরহাট, বাগেরহাট | উপজেলা নির্বাহী অফিসার মেহেরপুর সদর, মেহেরপুর |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আরিফুল ইসলাম**
সিনিয়র সহকারী কমিশনার

---

**জেলাপ্রশাসকের কার্যালয়, পিরোজপুর**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**অধিগ্রহণ মামলা নং ০৬/২০১৬-১৭**
**ফরম - ঘ**
**(৫ নং বিধি দ্রষ্টব্য)**
ঘোষণা
**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, পিরোজপুর জেলার মঠবাড়ীয়া উপজেলায় উপকূলীয় বাঁধ নির্মাণ প্রকল্পের আওতায় ইসিআরআরপি এর পোল্ডার নম্বর ৩৯/১ বি উপ-প্রকল্পের জন্য নিম্নবর্ণিত তফসিলের সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করতে হবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সালের ২ নম্বর অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপুরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে মর্মে গণ্য হয়েছে;

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (১) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং ঐ সম্পত্তি সর্বপ্রকার দায়দায়িত্বমুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

**তফসিল**

জেলা- পিরোজপুর, উপজেলা- মঠবাড়ীয়া, মৌজা- খেতাচিরা, জে.এল নম্বর- ৫৭

| খতিয়ান নম্বর (এস. এ) | দাগ নম্বর (এস. এ) | দাগে মোট জমি (একর) | দাগ হতে অধিগ্রহণকৃত জমি (একর) |
|---|---|---|---|
| ১৬৬ | ৬৫ | ০.৩০ | ০.০৪ |
| ১৬৬ | ৬৬ | ৩.৯৪ | ০.৬৯ |
| ৪, ৩৩৬, ৫৫২ | ৬৭ | ১.৬৯ | ০.১৮ |
| ৪ | ৭২ | ১.০৮ | ০.১৪ |
| ১৬৭ | ৭৩ | ৩.২০ | ০.৩৯ |
| ৩৫৩ | ৮০ | ৩.২১ | ০.৪৩ |
| ৫৬৮ | ৮১ | ১.৪০ | ০.১৮ |
| ৫৬৮ | ৮৬ | ০.৭২ | ০.১২ |
| ৫৬৮ | ৮৭ | ০.৭৫ | ০.১২ |
| ২৭৩ | ৯৩ | ১.৮১ | ০.২৯ |
| ৪৩৯, ৫৩৪ | ৯৪ | ০.১৯ | ০.১২ |
| ৪৪১ | ১০০ | ০.০৮ | ০.০৭ |
| ৪৪১ | ১০১ | ০.১০ | ০.০৭ |
| ৪৪১ | ১০৫ | ০.৬৭ | ০.০৭ |
| ৪৪১ | ১০৬ | ০.৬৮ | ০.০৭ |
| ৪৪১ | ১০৭ | ০.৬৯ | ০.০৪ |
| ৪৪০ | ১০৮ | ৩.৮৩ | ০.১৬ |
| ৪৪০ | ১০৯ | ০.৪৬ | ০.১২ |
| ৪৪০ | ১১০ | ০.২৮ | ০.২১ |
| ৩৭৩ | ১১৭ | ০.৪২ | ০.০২ |
| ৪৩৯ | ১১৯ | ০.১৯ | ০.০৪ |
| ৪৫৩ | ১২০ | ০.৪২ | ০.৩৬ |
| ৪৫৩ | ১২১ | ০.৩০ | ০.০২ |
| ৩৭৩ | ১২২ | ০.২৪ | ০.১৩ |
| ৪৩৯ | ১২৩ | ২.৫৮ | ০.০৬ |
| ২৪১ | ১৮০ | ২.৫৩ | ০.৬৯ |
| ১২৫ | ১৮২ | ০.০৯ | ০.০৪ |
| ১২৫ | ১৮৩ | ০.৬৩ | ০.৩৯ |
| ১২৫ | ১৮৪ | ০.২৬ | ০.১৭ |
| ১২৫ | ১৮৫ | ০.৩৫ | ০.০৭ |
| ২৫৪ | ১৮৭ | ২.২৪ | ০.০৯ |
| ৫৪১ | ১৯৪ | ২.৬২ | ০.০৫ |
| ৩৯২ | ৩০৭ | ১.৫৪ | ০.১১ |
| ২৯১ | ৩০৮ | ২.১৫ | ০.১৬ |
| ২৯১ | ৩১৭ | ২.৯১ | ০.২৩ |
| ২১৫, ৫৬০ | ৩২৭ | ২.৪৫ | ০.২১ |
| ৬৭ | ৩২৮ | ২.২৯ | ০.১৪ |
| ৫৫৯ | ৩২৯ | ০.৫১ | ০.০৪ |
| ৩৯৩ | ৩৩০ | ১.৮০ | ০.১৩ |

| খতিয়ান নম্বর (এস. এ) | দাগ নম্বর (এস. এ) | দাগে মোট জমি (একর) | দাগ হতে অধিগ্রহণকৃত জমি (একর) |
|---|---|---|---|
| ৬৬ | ৩৩৭ | ৪.৩৯ | ০.৩২ |
| ৫৪৩ | ৩৩৮ | ২.০৬ | ০.১৪ |
| ২৯৭, ৩০৪, ৩০৫, ৩৩৭ | ৩৪০ | ৩.৭২ | ০.৪৮ |
| ২৬৭ | ৩৪১ | ২.৪৬ | ০.১৪ |
| ২৯৫, ২৯৬ | ৩৪২ | ৫.৪০ | ০.৩৮ |
| ৫৮১, ৫৮২ | ৩৪৩ | ২.৭৫ | ০.২৩ |
| ১০১, ৩২৫ | ৩৪৪ | ১.৩৬ | ০.০৯ |
| ১০১, ৫৪২ | ৩৪৫ | ১.৪৯ | ০.০৯ |
| ৩৬৯, ৩৭১ | ৩৪৬ | ১.৬১ | ০.২২ |
| ২৯০ | ৩৪৭ | ০.৭৯ | ০.০৫ |
| ০৯, ৭৯, ১০১ | ৩৫৭ | ০.৮২ | ০.১০ |
| ৩০২ | ৩৫২ | ১.১৫ | ০.১০ |
| | | মোট = | ৯.০০ একর |

অধিগ্রহণকৃত মোট জমি = ৯.০০ একর

**মোহাম্মদ আশরাফুল আলম খান**
জেলা প্রশাসক।

---

**অধিগ্রহণ মামলা নং ০৫/২০১২-১৩**
**ফরম - ঘ**
**(৫ নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, পিরোজপুর জেলার নাজিরপুর উপজেলাধীন দীর্ঘা নদীর উপর আর.সি.সি গার্ডার ব্রীজের উভয় পার্শ্বে এ্যাপ্রোচ সড়ক নির্মাণের লক্ষ্যে নিম্নবর্ণিত তফসিলের সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করতে হবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সালের ২ নম্বর অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে মর্মে গণ্য হয়েছে;

